

তারবাত্তা
বাংলাব্যাংক

e^vs^j v^f k e^vs^K
C^āv^b K^hq^f q
X^vK^v

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮

প্রিয় জনকে বই উপহার দিন- প্রধানমন্ত্রী

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

১৯ জুলাই, ২০০৪ইং

তারিখ : _____

০৮ শ্রাবণ, ১৪১১ বাঃ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

tc-AW^f Bm^fyKi Y c^ft½ ।

বিভিন্ন সুত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রাপ্ত তথ্যাদি হতে পরিলক্ষিত হয় যে, বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখা থেকে চেক বা নগদ টাকা জমার বিপরীতে পে-অর্ডার গ্রহণ করার বিধান বহাল থাকা সত্ত্বেও কোন কোন ব্যাংক শাখা কর্তৃক আবেদনকারীর ব্যাংক একাউন্ট না থাকার অজুহাতে পে-অর্ডার ইস্যু করা হচ্ছে না । এর ফলে আবেদনকারীরা, বিশেষতঃ চাকুরী প্রার্থীরা, যাদেরকে ক্ষুদ্র অংকের পে-অর্ডার করার জন্য ব্যাংকের দ্বারা স্বাক্ষর হতে হয়, হয়রানীর শিকার হচ্ছেন ; একই সাথে ব্যাংক সমূহও তাদের প্রাপ্য কমিশন থেকে বঞ্চিত হচ্ছে । এ ধরনের কার্যক্রম ব্যাংক কোম্পানী ও জনস্বার্থের পরিপন্থী । এমতাবস্থায়, প্রচলিত বিধি-বিধান পরিপালন সাপেক্ষে ব্যাংক শাখা কর্তৃক পে-অর্ডার ইস্যুর বিধান অব্যাহত রাখা নিশ্চিত করতে এবং এ ব্যাপারে শৈথিল্য প্রদর্শনকারী ব্যাংক কর্মকর্তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(এস,এম, মনিরজ্জামন)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ৮৭১২০৩৭৭